

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৮০

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬৭. (কুসুফের নামাযের) দুই রাকাতে চারটি রুকু সম্পর্কে।

باب مَنْ قَالَ أَرْبَعُ رَكَعَاتٍ

আরবী

حَدَّثَنَا ابْنُ السَّرْحِ، أَخْبَرَنَا ابْنُ وَهْب، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْمُرَادِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْب، عَنْ يُونُسَ، عَنِ ابْنِ شِهَاب، أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْر، عَنْ عَائِشَةَ، زَوْجِ النَّبِيِ صلى الله عليه وسلم قَالَتْ خُسِفَتِ الشَّمْسُ فِي حَيَاةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَخَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إلَى الْمَسْجِدِ فَقَامَ فَكَبَّرَ وَصَفَّ النَّاسُ وَرَاءَهُ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قِرَاءَةً طَوِيلَةً ثُمَّ كَبَّرَ فَرَكَعَ رُكُوعًا طَويلاً ثُمَّ رَفَعَ رَأُسَهُ فَقَالَ " سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ " . ثُمَّ قَامَ فَاقْتُرَأَ قِرَاءَةً طَويلاً ثُمَّ قَالَ " رَمُولُ اللهِ عَليه وسلم قَلْلُ الْحَمْدُ " . ثُمَّ قَامَ فَاقْتُرَأَ قِرَاءَةً طَويلاً هُو اللهِ عَليه وسلم قَلْلُ الْمَعْدِ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ " . ثُمَّ قَامَ فَاقْتُرَأَ قِرَاءَةً طُويلَةً هِيَ الْمُعْمِ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ " . ثُمَّ قَامَ الرَّكُوعِ الأَوْلِ ثُمَّ قَالَ " سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ " . ثُمَّ فَعَلَ فِي الرَّكْعَةِ الأُخْرَى مِثْلَ ذَلِكَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ " . ثُمَّ فَعَلَ فِي الرَّكْعَةِ الأُخْرَى مِثْلُ ذَلِكَ فَاسُ فَا اللهُ عَلَى الْمَدْرَى مِثْلُ أَنْ يَنْصَرِفَ .

বাংলা

১১৮০. ইবনুস সারহ (রহঃ) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী আয়েশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জীবদ্দশায় সূর্যগ্রহণ হলে তিনি মসজিদে যান। অতঃপর তিনি দণ্ডায়মান হয়ে আল্লাহু আকবার বলে নামায শুরু করেন। এ সময় লোকেরা তাঁর পিছনে কাতারবদ্ধ হয়ে দাঁড়িয়ে যায়। তিনি দীর্ঘ কিরাত পাঠের পর আল্লাহু আকবার বলে রুকুতে যান এবং বহুক্ষণ রুকুতে অতিবাহিত করার পর "সামিআল্লাহু লিমান হামিদাহ, রাব্বানা ওয়ালাকাল হামদ" বলে রুকু হতে সোজা হয়ে দাঁড়ান। এসময় তিনি দীর্ঘ কিরাত পাঠ করেন কিন্তু তাঁর পরিমান প্রথম বারের কিরাত হতে সংক্ষিপ্ত ছিল। অতঃপর তিনি আল্লাহু আকবার বলে রুকুতে গিয়ে সেখানে দীর্ঘ সময় অতিবাহিত করেন। কিন্তু তাঁর পরিমান প্রথম বারের রুকু হতে কম ছিল। অতঃপর তিনি "সামিআল্লাহু লিমান হামিদাহ, রাব্বানা ওয়ালাকাল হামদ" বলে দণ্ডায়মান হন (এবং পরে দুইটি সিজদা আদায় করেন)। এইরূপে তিনি দ্বিতীয় রাকাতও আদায় করেন। তিনি দুই রাকাত নামায চারটি রুকু ও চারটি সিজদা সহকারে আদ্য করেন এবং নামায শেষ করে ফেরার পূর্বেই সূর্য রাহুমুক্ত হয়ে যায়। (বুখারি,



মুসলিম, নাসাই, তিরমিযি, ইবন মাজা)।

English

Narrated A'ishah (May Allah be pleased with her):

There was an eclipse of the sun during the lifetime of the Messenger of Allah (**) came tot he mosque; he stood up and uttered the takbir (Allah is great); the people stood in rows behind him; the Messenger of Allah (**) recited from the Quran for a long time; then he uttered the takbir (Allah is most great) and performed bowing for a long time, then he raised his head and said: Allah listens to him who praises Him; our Lord, and to Thee be praise; then he stood up and recited from the Qur'an for a long time, but it was less than the first (recitation); he then bowed for a long time, but it was less than the first bowing; he then said, Allah listens to him who praises Him; our Lord, and to Thee be praise. he then did so in the second rak'ah. he thus completed four bowings and four prostrations. The sun had become bright before he departed.

ফুটনোট

সহীহঃ বুখারী ও মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন